



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৯.১১৬৬

তারিখ: ৩ কার্তিক ১৪২৭

১৯ অক্টোবর ২০২০

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক পথে মোট ৪৪৫০ মে.টন গমের চলাচলসূচি

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ১৫/১০/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০৮.১৯.১১৮৭ নং  
স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগের কয়েকটি এলএসডি/সিএসডিতে অক্টোবর'২০ মাসে ইপি, ওপি, ময়দামিল খাতে বিলি-বিতরণের জন্য গমের চাহিদা সূত্রস্থ স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে, ঢাকা বিভাগের কয়েকটি এলএসডি/সিএসডিতে ইপি, ওপি, ময়দামিল খাতে বিলি-বিতরণের জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৪৪৫০ মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

#### সড়ক পথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পথ	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ সাইলো	ঢাকা	ধামরাই এলএসডি	১৫০	গম	সড়ক পথ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	কলতাবাজার এলএসডি	৮০০	ঐ	ঐ	
৩.	ঐ	গাজীপুর	জয়দেবপুর এলএসডি	১০০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	কালিয়াকৈর এলএসডি	৫০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	শ্রীপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	কালিগঞ্জ এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	মুক্তিগঞ্জ	মিরকাদিম এলএসডি	২০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	কাটাখালী এলএসডি	১০০	ঐ	ঐ	
৯.	ঐ	শেরপুর	শেরপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
১০.	ঐ	টাঙ্গাইল	ঘাটাইল এলএসডি	৬০০	ঐ	ঐ	
১১.	আশুগঞ্জ সাইলো	ময়মনসিংহ	*ময়মনসিংহ সিএসডি	৫০০	ঐ	ঐ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন।

১২.	ঞ	নেত্রকোনা	*নেত্রকোনা এলএসডি	২০০	ঞ	ঞ
			মোট =	৮৮৫০		

\* নারায়ণগঞ্জ সাইলো ও তেজগাঁও সিএসডি হতে বুট আমলা থাকায় বিকল্প কেন্দ্র হতে সূচি জারি করা হলো।

#### পরিবহণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলি:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো ও আশুগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন;

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ত্রুমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ ২৭/১০/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরিবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৯-১০-২০২০

মোঃ ফজলে রাখী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
কার্যালয়, চট্টগ্রাম
- ৩) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৪) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১১৬৬/১(৯)

তারিখ: ৩ কার্তিক ১৪২৭  
১৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক ..... |
- ৮) ব্যবস্থাপক, ..... সিএসডি।
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি।

১৯-১০-২০২০

মোঃ ফজলে রাখী হায়দার

উপ-পরিচালক